এই প্রশ্নপত্রটিতে 31টি প্রশ্ন [বিভাগ-ক (20) + বিভাগ-খ (6) অথবা বিভাগ-গ (5)] এবং 8টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**রোল নং** | | | | | | | | | | | | |

**10183**

কোড নং. **57/SS/O/B**

# বাংলা

**SET A**

# (303)

**পরীক্ষার দিন ও তারিখ** ..........................................................................

**তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর** 1. ..........................................

2. ..........................................

**সাধারণ নির্দেশাবলী :**

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের নং লিখবেন।

2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

3. উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

4. আপনার প্রশ্নপত্রের কোড নং **57/SS/O/B** এবং সেট-**A** টি উত্তর পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

# বাংলা

# (303)

**সময় : 3 ঘন্টা ]** **[পূর্ণমান : 100**

---

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ – 'ক' এর সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ – 'খ' এবং বিভাগ – 'গ' এর যে কোনো একটি বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ – 'ক' এর মান 85 এবং বিভাগ – 'খ' অথবা বিভাগ – 'গ' এর মান 15।

---

## বিভাগ – ক (আবশ্যিক)

1. (a) নীচের কবিতাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন ঃ **4**

............ নানী বিষাদ সিন্ধুর স্পন্দে দুলে দুলে

রমজানি সাঁঝে ভাজেন ডালের বড়া, আর

একুশের প্রথম প্রভাত ফেরি – অলৌকিক ভোর।

**অথবা**

নাজমা দ্যাখো এই ছবিটা কার ?

- "এই ছবিটা ? মানুষ নাকি এটা -"

নাজমা বলে, "না : চিনি না একে।"

নাজমা, তবে এই যে স্কুটারখানা

এই নম্বর, এইটে চেনো নাকি ?

হাহাকারের দুরন্ত ঝড় তুলে

জ্ঞান হারিয়ে আছড়ে পড়ে নিয়ে –।

(b) অংশটির কাব্যসৌন্দর্য স্পষ্ট করুন : **2**

মহাভারতের কথা অমৃত সমান।

হে কাশি, কবীশ দলে তুমি পুণ্যবান্।।

2. নীচের প্রশ্নগুলির মধ্যে **দুটির** উত্তর লিখুন : **[2 × 2 = 4]**

(a) শঙ্খমালা কে ? তাকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না কেন ?

(b) "বরণীয় তারা, স্মরণীয় তারা, তবুও বাহির দ্বারে,
আজি দুর্দিনে ফিরানু তাদের ব্যর্থ নমস্কারে।"
– 'তারা' বলতে কাদের বলা হয়েছে ? কবি তাদের ফিরিয়ে দিলেন কেন ?

(c) "তাজমহলের পাথর দেখেছ, দেখিয়াছ তার প্রাণ।
অন্তরে তার মমতাজ নারী, বাহিরেতে শাজাহান।" –
'অন্তর' এবং 'বাহির' বলতে কাদের এবং কেন উদ্দেশ করা হয়েছে ?

(d) "চন্ডীদাস কয় নব পরিচয়
কালিয়া বঁধুয়, সনে।।" – 'কালিয়া বঁধু' কে ?
তার সঙ্গে 'নবপরিচয়' বলতে কী বলা হয়েছে ?

3. 'প্রশ্ন' কবিতার কেন্দ্রীয় ভাবটি সংক্ষেপে লিখুন। **2**

4. 'চর্যাপদে' সমকালীন বাঙালী জীবনের কী পরিচয় পাওয়া যায়, সংক্ষেপে লিখুন। **2**

5. নীচের কবিতাংশটিতে কোন্ অলংকার ব্যবহার করা হয়েছে ? বুঝিয়ে দিন – **2**
"কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর !
যাহার প্রভায় প্রভা পায় দিবাকর।"

6. কবিতাংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখুন ঃ **[4 × 1 = 4]**
"তিমির রাত্রি, মাত্রীমন্ত্রী সান্ত্রীরা সাবধান !
যুগযুগান্ত সঞ্চিত ব্যথা গোষিয়াছে অভিযান।
ফেনাইয়া উঠে বঞ্চিত বুকে পুঞ্জিত অভিমান,
ইহাদের পথে নিভে হবে সাথে, দিতে হবে অধিকার।
অসহায় জাতি মরিছে ডুবিয়া, জানে না সন্তরণ,
কাণ্ডারী ! আজ দেখিব তোমার মাতৃমুক্তিপণ।"
"হিন্দু না ওরা মুসলিম ! " ওই জিজ্ঞাসে কোন্‌জন ?
কাণ্ডারী বলো, ডুবিছে মানুষ, সন্তান মোর মা'র।"

(a) 'কাণ্ডারী' কাব্যের অর্থ কী ? **1**

(b) 'বঞ্চিত বুকে পুঞ্জীত অভিমান', বলতে কবি কী বোঝাতে চেয়েছেন ? **1**

(c) 'মাতৃমুক্তিপণ' কী ? **1**

(d) 'হিন্দু না ওরা মুসলিম ?' – আপনি এ প্রশ্নের কী উত্তর দিতে চান ? **1**

7. নীচের গদ্যাংশটির সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : **6**

"-কয়েছি বই কি ভাই, হাজার হোক হিন্দুরই মেয়ে তো ? কিন্তু সঙ্গে সঙ্গে পুন্যের লোভটাও মস্ত হয়ে উঠেছিল। ভাবলাম, বুড়ো মানুষকে এই শেষ জীবনে আর মড়ার ওপর খাঁড়ার ঘা দিই কেন ? ওঁকে পুত্রশোকের হাত থেকে রক্ষা করতে তো আমিই পারি ? দেখিনা ভগবানের ওপর কলম চালিয়ে। তাই রাবণ রাজার মতো নিজের মৃত্যুবাণ প্রাণপণ যত্নে লুকিয়ে রাখলাম।"

**অথবা**

"আর আমাদিগের দশা দেখো – যাহারাকে উদর কৃশ, অস্থি পরিদৃশ্যমান, লাঙ্গুল বিসত, দাঁত বাহির হইয়াছে – জিহ্বা ঝুলিয়া পড়িয়াছে – অবিরত অনাহারাভাবে ডাকিতেছে "ম্যাও! ম্যাও ! খাইতে পাই।" এই পৃথিবীতে মৎস্য মাংসে আমাদের কিছু অধিকার আছে। খাইতে দাও, নহিলে চুরি করিব। .... ক্ষীণ সকরুণ ম্যাও, ম্যাও শুনিয়া তোমাদিগের কি দু:খ হয় না চোরের দণ্ড আছে, নির্দয়তার কি দণ্ড নাই ? "

8. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **[1+2+2+2 = 7]**

(i) কোন্ বিশিষ্ট ব্যক্তির মৃত্যু গালিলিয়কে নি:সহায় করেছিল ? **1**

(ii) "পৃথিবীর স্তন যখন শুকিয়ে যায় - " – এই বাক্যংশটির কোন্ গদ্যাংশের অন্তর্গত ? বক্তব্যটির অর্থ স্পষ্ট করুন। **2**

(iii) "মদন হয়তো ভাঙতে পারে " – 'ভাঙতে পারে' কথার বিশেষ অর্থ কী ? না ভেঙে মদন কী করেছিল ? **2**

(iv) "এই নিন, এই চিঠি পড়ুন" – চিঠির বক্তব্য বিষয় উল্লেখ করে, যাদের চিঠিটি দেওয়া হল, তাদের প্রতিক্রিয়া কী ছিল ? **2**

9. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : **2**

(i) 'অতীতে বোঝা' গদ্যাংশের শিরোনামের মধ্যে যে সত্য লেখক উপলব্ধি করেছেন, এতে ঐতিহাসিক সত্যটা কতখানি প্রকাশিত হয়েছে, লিখুন।

(ii) "নীলকণ্ঠ" নাটিকায় নাট্যকার উৎপল দত্ত সংলাপ রচনায় এবং চরিত্র চিত্রণে যে মুন্সিখানার পরিচয় দিয়েছেন, সে বিষয় আপনার মতামত জানান।

10. নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন : **[4 × 1 = 4]**

"অনেক দূরের কথায় তাহার শিশু মনে একটা বিস্ময় মাখানো আনন্দের ভাবের সৃষ্টি করিত। নীলবর্ণের আকাশটা অনেক দূর, ঘুড়িটা-কুঠির মাঠটা অনেক দূর – সে বুঝাইতে পারিত না, বলিতে পারিত না কাহাকেও, কিন্তু এসব কথায় তাহার মন যেন কোথায় উড়িয়া চালয়া যাইত –"

(i) কার কথা বলা হচ্ছে এখানে ? **1**

(ii) 'বিস্ময়-মাখানো আনন্দের ভাব' বলতে কী বোঝানো হয়েছে ? **1**

(iii) আকাশটি কী রঙের ছিল ? **1**

(iv) এ অংশটিতে যার কথা বলা হয়েছে, তার সম্বন্ধে আপনার কী ধারণা হ'ল ? **1**

11. 'আরণ্যক' উপন্যাসে দেখা যাচ্ছে, অরণ্য-প্রকৃতি এবং অরণ্যবাসী মানুষগুলো যেন একাকার হয়ে গেছে – কয়েকজন অধিবাসীর নাম উল্লেখ করে এর সত্যতা বিচার করুন। 4

**অথবা**

রাজু পাঁড়ের সঙ্গে সত্যচরণের প্রথম সাক্ষাৎকারের পরিচয় দিন। লেখকের মতে রাজু পাঁড়ে কেমন প্রকৃতির মানুষ ছিল লিখুন।

12. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : [4 × 1 = 4]

(i) "জিজ্ঞাসা করিলাম, ও কী রান্না হচ্ছে ? নক্‌ছেদি বলিল - ঘাটো।" – 'ঘাটো' কী ? 1

(ii) 'খাম্বা', কীসের চিহ্ন ? 1

(iii) রাজা ভোবরুপান্নাকে দেখে সত্যচরণ অবাক হলেন কেন ? 1

(iv) লবটুলিয়া থেকে সত্যচরণের বিদায়কালে কুন্তা কেঁদেছিল কেন ? 1

13. নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : [5 × 2 = 10]

(i) নীচের বাক্যটিতে চলিত রীতিতে পরিবর্তন করুন : 2

হরিবাবুর মতো সৎ ব্যক্তি কমই দেখিয়াছি এবং তাঁহার সহিত মিশিলে অসৎ সৎ হইয়া যাইবে।

(ii) দাগ দেওয়া শব্দগুলি নীচের তালিকায় উল্লিখিত কোন্ শ্রেণির বাংলা শব্দ ভাণ্ডারের অন্তর্গত লিখুন : (২টি) 2

(শব্দভাণ্ডার : তৎসম, তদ্ভব, অর্ধতৎসম, মিশ্র, আগন্তুক)

(ক) বাজার এখন আগুন ! (খ) জোছনায় ভরে গেছে সব দিক। (গ) সাঁঝ বাতি জ্বলবে কখন ? (ঘ) পৃথিবী আজ অশান্তিতে ভরে গেছে।

(iii) অর্থগত দিক দিয়ে নীচের বাক্যগুলি কী জাতীয়, তালিকা থেকে বেছে নিয়ে লিখুন : (২টি) 1×2 = 2

[বাক্যের তালিকা : নির্দেশক/প্রশ্নবোধক/আবেগসূচক/অনুজ্ঞাবাচক]

(a) আমাকে এক গ্লাস জল দিন না।

(b) সে এখন সেখানে যেতে পারবে না।

(c) আ: ! কী আরাম।

(d) তুমি এ কী উত্তর দিলে ?

(iv) প্রত্যয় ভেঙে দেখান : (২টি) 2

(a) মানব

(b) বৈচিত্র্য

(c) ঝাঁকুনি

(d) দারোগাগিরি

(v) ব্যাসবাক্যগুলিকে সমাসবদ্ধ করুন : (২টি) **2**

(a) সুভাষ নামে কাকা;

(b) শৈশব পর্যন্ত;

(c) কৌতূহল আছে যার;

(d) ছেলে ধরে যে

14. যে কোনো বিষয়ের ওপর **একটি** প্রতিবেদন রচনা করুন : **4**

(i) এ বছর (২০১৬) দেশের প্রায় সর্বত্র শীত পড়েছে (কলকাতা সহ)। জনজীবনে তার প্রভাব সম্বন্ধে সাংবাদিক হিসেবে প্রতিবেদনটি রচনা করুন।

(ii) একদিন হঠাৎ একটি বাজারের ডালপট্টিতে ভয়াবহ অগ্নিকাণ্ড হল। সম্ভবত সর্ট সার্কিট থেকে। তার ব্যাপ্তি, পরিচিতি ইত্যাদি সম্বন্ধে প্রতিবেদনটি রচনা করুন।

15. আপনি একদিন এক পদ্মপুকুরের ধার দিয়ে যেতে যেতে দেখলেন, একঝাঁক সাদা হাঁস জলে মুখ ডুবিয়ে, গুগলি ইত্যাদি তুলে খাচ্ছে। কেবল একটি রাঁজহাস পুকুরের মাঝখান দিয়ে পাখনা মেলে সাঁতার কেটে চলেছে। আপনার কী অনুভূতি হল ? **2**

**অথবা**

একদিন চিড়িয়াখানায় গিয়ে যখন জন্তু-জানোয়ার দেখতে দেখতে বাঘের খাঁচার সামনে এসে ৪/৫ টা বড়ো বাঘ-বাঘিনী এবং ২/৩ টা বাচ্চা দেখে আপনার খুব ভালো লাগল। একটা বাঘ খাঁচার এদিক ওদিক গর্জন করতে লাগল। আপনার ভাবান্তর হল এগুলি এখানে না থেকে বনের মধ্যে ছাড়া থাকলে বোধহয় আরও সুন্দর দেখাতো, ভালো হতো। আপনার মনের ভাবটি লিখুন।

16. অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন : **[3 × 1 = 3]**

কোনো এক গ্রামের গ্রাম পঞ্চায়েত প্রধান ধূমপায়ী ছিলেন। একদিন সভাচলা কালে এক গ্রাম্য অধিবাসী একটি ১০-১২ বছরের ছেলেকে নিয়ে এসে নালিশ জানাল – "মহাশয়, আমার এই একমাত্র ছেলেটি প্রচণ্ড ধূমপান করে, অনেক বলেও বন্ধ করতে পারিনি। আপনি যদি এর কিছু ব্যবস্থা করতে পারেন, বেঁচে যায়।" পঞ্চায়ত প্রধান কিছুক্ষণ চুপ করে থেকে তিন দিন পর আসতে বললেন।

সেইমতো গ্রামীণ মানুষটি ৩/৪ বার যাওয়ার পর পঞ্চমবারে ছেলেটিকে ডেকে বললেন – "এই, আর কখনো ধূমপান করবি না, তাহলে শাস্তি হবে, মনে থাকে যেন।" ছেলেটি মাথা নীচু করে প্রতিজ্ঞা করল সে আর ধূমপান করবে না। গ্রামীণ মানুষটি খুশি হয়ে যেতে যেতে ঘুরে জিজ্ঞেস করলেন – "মহাশয়, এই সামান্য কথাটা বলার জন্যে আমাকে তিন-চারবার ঘোরালেন কেন ?" উত্তরে পঞ্চায়েত প্রধান বললেন – "দেখুন, আমিও খুব ধূমপায়ী ছিলাম। গতকালই জীবনের মতো ত্যাগ করলাম।" গ্রামীণ ভদ্রলোক নমস্কার করে চলে গেলেন।

(a) গ্রামীণ ভদ্রলোক গ্রাম পঞ্চায়েত প্রধানের কাছে কী সমস্যা নিয়ে এলেন ? **1**

(b) সমস্যার সমাধান সম্পর্কে প্রধান মশাই প্রথমে কী করলেন ? **1**

(c) পঞ্চায়েত প্রধান গ্রামীণ মানুষটি সমস্যা দূর করতে অত সময় নিলেন কেন ? **1**

17. নীচের যে কোনো **একটি** বিষয় সম্বন্ধে লিখুন : 4

(i) দীননাথ উচ্চ বিদ্যালয়ের গতবারের (2015) উচ্চ মাধ্যমিকের ফল হয়েছিল এমন :

বিজ্ঞান বিভাগে প্রথম পাস করেছে 50%; কলা এবং বাণিজ্য বিভাগে যথাক্রমে প্রথম বিভাগে পাস করেছে 25% করে।

বিষয়টি একটি চক্রচিত্রে (pie chart) দেখান।

(ii) 'চা' তৈরির প্রক্রিয়াটি একটি চক্রচার্টে দেখান (flow chart)।

18. যে কোনো **একটি** বিষয়ে **400-500** শব্দের মধ্যে একটি নিবন্ধ রচনা করুন : 8

(i) সাম্প্রতিক কালে আপনার পড়া এবং ভালোলাগা বইটি;

(ii) নিয়মানুবর্তিতা ও জীবন;

(iii) চলভাষ (mobile) ব্যবহারের সুফল ও কুফল;

(iv) জীবন গঠন (career building) ও সাফল্য স্বদেশে ও সমাজের কাছে ঋণ।

19. চিঠি লেখার রীতি মেনে নীচের যে কোনো **একটি** বিষয় সম্বন্ধে একটি চিঠি লিখুন : 4

ভালো চাকরির সুযোগ পেয়ে আপনার এক বন্ধু ভারতের বাইরের কোনো এক জায়গায় কর্মরত। সেখানে তাঁর কেমন লাগছে এবং আমাদের দেশের পরিবেশ ও মানুষজনের সঙ্গে ওখানকার পরিবেশের এবং মানুষের মিল ও অমিল সম্বন্ধে কী কী তফাত জানতে বন্ধুকে একটি চিঠি লিখুন।

**অথবা**

একটি নামি কোম্পানি তাদের একজন ডেপুটি ম্যানেজারের প্রয়োজন জানিয়ে বিজ্ঞাপন দিয়েছে। আপনি আপনার যোগ্যতা ইত্যাদির পরিচয় দিয়ে একটি আবেদন করুন।

20. নীচের অনুচ্ছেদ বা কবিতাংশটির সংক্ষিপ্তসার লিখুন : 3

(i) মহাভারতের সকল চরিত্রের মধ্যে কর্ণের চরিত্র ভালো লাগে তাহার কাছে। ইহার কারণ, কর্ণের উপর তাহার কেমন মমতা হয়। রথের চাকা মাটিতে পুঁতিয়া গিয়াছে – দুই হাতে প্রাণপণে সেই চাকা মাটি হইতে টানিয়া তুলিবার চেষ্টা করিতেছেন – সেই নিরস্ত্র অবস্থায়, বিপন্ন কর্ণের অনুরোধ মিনতি উপেক্ষা করিয়া অর্জুন তির ছুঁড়িয়া তাঁহাকে মারিয়া ফেলিলেন।

(ii) সেই ধন্য নরকুলে লোকে যারে নাহি ভুলে,
মনের মন্দিরে নিত্য সেবে সর্বজন।

## বিভাগ – খ ।। ঐচ্ছিক বিষয়

### (পর্যটন)

21. 'পর্যটন' কথার অর্থ কী ? 1

22. এশিয়ার সবচেয়ে বড়ো হ্রদের নাম কী ? 1

23. খাজুরাহো ভাস্কর্যের ক্ষতির কারণ কী ? 1

24. ভারত পর্যটন থেকে খুব বেশি বিদেশি মুদ্রা উপার্জন করতে পারছে না কেন, সে বিষয়ে আপনার অভিমত জানান। 2

25. 'অভ্যন্তরীণ পর্যটন' ও 'বহির্গামী পর্যটন' – এর পার্থক্য দৃষ্টান্ত দিয়ে দেখান। 3

26. কোনো পাঁচতারা হোটেলের দিশি বিদেশি পর্যটকদের আকর্ষণের অন্তত সাতটি বিষয়ের উল্লেখ করুন। 7

## বিভাগ – গ ।। ঐচ্ছিক বিষয়

### (গণজ্ঞাপন)

21. কে, কবে টেলিভিশন উদ্ভাবন করেন ? 1

22. (a) 'গণজ্ঞাপন' কথার আক্ষরিক অর্থ কী ? 1

    (b) 'গণজ্ঞাপন' এবং 'গণমাধ্যমের' মধ্যে সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। 2

23. (a) বহুলপ্রচারিত দু-একটি মুদ্রিত মাধ্যমের নাম উল্লেখ করুন। 1

    (b) দুটি বিশেষ অসুখের নাম উল্লেখ করুন যাদের সম্বন্ধে সাধারণ মানুষের ছোঁয়াচে রোগ বলে ভুল ধারণা আছে। এই ধারণা কীভাবে দূর করা যায় লিখুন। 2

24. টেলিভিশনের দুটি আঙ্গিকের নাম উল্লেখ করে প্রত্যেকটির তিনটি করে উদাহরণ দিন। 6

25. গণমাধ্যমের শিক্ষামূলক অনুষ্ঠান কীভাবে সমাজের পিছিয়ে যাওয়া তথাকথিত অশিক্ষিত মানুষকে সামাজিক ও সাংস্কৃতিক দিকে আগ্রহী এবং সচেতন করতে পারে আলোচনা করুন। 2

---